গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.০০০.৩৪.০০১.১৯.৬০৪

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি নীতিমালা-২০১৯ (সংশোধিত) ও বৃত্তি পরীক্ষা-২০২৩ অনুষ্ঠানের পরিপত্র প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: (১) প্রাগম স্মারক নং-৩৮.০০.০০০০.০০৭.০৭.৩৪.২০২৩-৩০২, তারিখ- ২১ নভেম্বর ২০২৩
(২) প্রাগম স্মারক নং-৩৮.০০.০০০০.০০৭.৯৯.০০৫.১৯-৩০৩, তারিখ- ২১ নভেম্বর ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে জারীকৃত "শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি নীতিমালা-২০২৩ (সংশোধিত)" এবং "শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা-২০২৩ অনুষ্ঠান" সংক্রান্ত পরিপত্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (ক) শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি নীতিমালা-২০১৯ (সংশোধিত)
(খ) বৃত্তি পরীক্ষা-২০২৩ অনুষ্ঠান সংক্রান্ত পরিপত্র

২৬-১১-২০২৩
মোঃ আবুল বশার
পরিচালক


বিতরণ:
১। জেলা প্রশাসক (সকল) ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়;
২। উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা এবং
৩। প্রধান শিক্ষক (সকল), শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।

**স্মারক নম্বর:**

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), বিদ্যালয় অনুবিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা;
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ;
৫। যুগ্মসচিব (বিদ্যালয়), বিদ্যালয় অধিশাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬। চেয়ারম্যান, রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়;
৭। পরিচালক, পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা;
৮। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব ), বিদ্যালয়-১ শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। উপসচিব, বিদ্যালয়-২ শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

১২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৩। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা) ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়;
১৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল জেলা) ও সদস্য সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়;
১৫। উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা) ও সদস্য সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়;
১৬। কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করবেন) এবং
১৭। অফিস কপি।



২৬-১১-২০২৩
মোঃ মাহবুবুর রাব্বানী
সহকারী পরিচালক (শিক্ষা ও কারিগরি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং- ৩৮.০০.০০০০.০০৭.০৭.৩৪.২০২৩- ৩০২

তারিখ ০৬ অগ্রহায়ণ ১৪৩০ / ২১ নভেম্বর ২০২৩

**পরিপত্র**

**বিষয়ঃ শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি নীতিমালা-২০১৯ (সংশোধিত)**

১. **শিরোনামঃ**
এই নীতিমালা "শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি নীতিমালা-২০১৯ (সংশোধিত)" নামে অভিহিত হবে।

২. **পরিধি ও নির্বাচন পদ্ধতিঃ**

২.১ শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত সকল শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতীয় শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত অধ্যয়নরত শিক্ষার্থীগণ শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তির জন্য বিবেচিত হবে।

২.২ প্রতি বছর দ্বিতীয় শ্রেণি থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে বৃত্তির জন্য নির্বাচিত করা হবে।

৩. **পরীক্ষার বিষয়, নম্বর ও সময়ঃ**

৩.১ **দ্বিতীয় শ্রেণি থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের নিম্নোক্ত ০৩ (তিন) টি বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবেঃ**
(১) বাংলা;
(২) ইংরেজী;
(৩) গণিত।

৩.২ বাংলা, ইংরেজী ও গণিত এই ০৩ (তিন) টি বিষয়ে সর্বমোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা ২ (দুই) ঘন্টা ব্যাপী অনুষ্ঠিত হবে।

৩.৩ প্রাথমিক শিক্ষা কারিকুলামে (Curriculum) অন্তর্ভুক্ত দ্বিতীয় শ্রেণি থেকে পঞ্চম শ্রেণির পাঠ্যপুস্তক ও পাঠ্যসূচি অনুসারে শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৩.৪ দ্বিতীয় থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের জন্য মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে, যার মধ্যে পাশ নম্বর হবে ৪০।

৩.৫ কোন ক্রমেই পরীক্ষার নম্বর প্রকাশ করা যাবেনা।

৪. **পরীক্ষা কেন্দ্রঃ**

**(ক)** জেলা শহরে বৃত্তি পরীক্ষার কেন্দ্র থাকবে (ঢাকা জেলা ব্যতিত)। জেলা প্রশাসক কেন্দ্র নির্বাচন করবেন এবং আইনশৃঙ্খলা নিশ্চিত করে পরীক্ষা গ্রহণ করবেন।

**(খ)** উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা মহানগরী ও ঢাকা জেলার কেন্দ্র নির্বাচন করবেন এবং আইনশৃঙ্খলা নিশ্চিত করে পরীক্ষা গ্রহণ করবেন।

৫. **বৃত্তি তহবিলঃ**

৫.১ শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরিচালনার জন্য সরকারপ্রদত্ত এনডোমেন্ট ফান্ড বিনিয়োগের মাধ্যমে প্রাপ্ত লভ্যাংশ হতে দশ শতাংশ মুল তহবিলে স্থানান্তরের পর অবশিষ্ট অর্থ বৃত্তি হিসেবে ব্যবহৃত হবে।

৫.২ শিশু কল্যাণ ট্রাস্টের তহবিল গঠন সংক্রান্ত বিধিমালা অনুযায়ী কোন উৎস হতে বৃত্তি খাতে প্রাপ্ত অর্থ।

৬. **শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি সংক্রান্ত স্টিয়ারিং কমিটিঃ**

৬.১ শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি সংক্রান্ত স্টিয়ারিং কমিটি নিম্নরূপে গঠিত হবেঃ-

(১) অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সভাপতি
(২) যুগ্ম-সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
(৩) পরিচালক, (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২ ঢাকা - সদস্য
(৪) উপ-পরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ - সদস্য

চলমান পাতা

(৫) উপ-সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা - সদস্য
(৬) উপ-সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
(৭) উপ-সচিব (বিদ্যালয়-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
(৮) উপ-সচিব (বিদ্যালয়-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
(৯) পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা - সদস্য সচিব
(১০) সহকারি পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা - সদস্য

৬.২ **স্টিয়ারিং কমিটির কার্যপরিধিঃ**

(১) প্রতিবছর বৃত্তির সংখ্যা নির্ধারণ ও উক্ত সংখ্যা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ;
(২) পরীক্ষার সময়সূচি নির্ধারণ;
(৩) পরীক্ষা পরিচালনা সংক্রান্ত বাজেট অনুমোদন;
(৪) বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীর মেধা/ট্যালেন্টপুল ও সাধারণ বৃত্তির মাসিক প্রদেয় অর্থের পরিমান নির্ধারণ;
(৫) বৃত্তি সংক্রান্ত কোটা নির্ধারণ;
(৬) শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কর্মকান্ড সম্পর্কে দিক নির্দেশনা প্রদান।

৭. **শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষার ফিসঃ**

ছাত্র-ছাত্রীদের নিকট হতে কোন পরীক্ষার ফিস নেয়া হবেনা।

৮. **শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তির প্রকারঃ**

৮.১ শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষার মাধ্যমে নিম্নলিখিত দুই ধরণের বৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থী বাছাই করা হবেঃ
(১) মেধা/ট্যালেন্টপুল ও
(২) সাধারণ বৃত্তি।

৯. **কোটা নির্ধারণঃ**

৯.১ সব শ্রেণিতে বৃত্তিপরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী হতে ৫০ শতাংশ ছাত্রদের এবং ৫০ শতাংশ ছাত্রীদের জন্য বৃত্তি নির্ধারিত থাকবে। তবে নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী না পাওয়া গেলে ছাত্রের বৃত্তি ছাত্রী দ্বারা এবং ছাত্রীর বৃত্তি ছাত্র দ্বারা পুরণ করা হবে।

৯.২ প্রত্যেক জেলায় কমপক্ষে ০২টি (১জন ছাত্র, ১জন ছাত্রী) বৃত্তি প্রাপ্য হবে (মেধা/ট্যালেন্টপুল কোটাসহ)। একাধিক পরীক্ষার্থী একই নম্বর প্রাপ্ত হলে সকলেই বৃত্তির জন্য বিবেচিত হবে। যে সকল জেলায় ০১টি শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় আছে সে সকল জেলায় বৃত্তি বন্টনের ক্ষেত্রে উক্ত বিদ্যালয়ের ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণিতে বৃত্তি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী সাধারণ বৃত্তির জন্য নির্বাচিত হবে।

১০. **বৃত্তি প্রদানের নিয়মাবলিঃ**

১০.১ **মেধা/ট্যালেন্টপুল বৃত্তিঃ**

মোট বৃত্তির ২০% মেধা/ট্যালেন্টপুল বৃত্তির জন্য সংরক্ষিত থাকবে। দ্বিতীয় শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত শ্রেণি ভিত্তিক বৃত্তি পরীক্ষায় উপস্থিত শিক্ষার্থীর আনুপাতিক হারে বৃত্তির সংখ্যা বিভাজিত হবে।

১০.২ **সাধারণ বৃত্তিঃ**

মোট বৃত্তির ৮০% সাধারণ বৃত্তির জন্য সংরক্ষিত থাকবে। দ্বিতীয় শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত শ্রেণি ভিত্তিক বৃত্তি পরীক্ষায় উপস্থিত শিক্ষার্থীর আনুপাতিক হারে বৃত্তির সংখ্যা বিভাজিত হবে।

১০.৩ প্রাপ্ত বৃত্তি ০১ (এক) বছরের জন্য কার্যকর থাকবে।

১০.৪ দ্বিতীয় হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত প্রত্যেক শ্রেণীতে অধ্যয়নরত নূন্যতম ২০% শিক্ষার্থী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

১১. **প্রশ্নপত্র প্রণয়ন ও প্রেরণঃ**

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির ২ সেট প্রশ্নপত্র প্রস্তুত করে পরীক্ষা আরম্ভ হবার কমপক্ষে ৫দিন পূর্বে শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরে প্রেরণ করবে। ট্রাস্ট দপ্তর পরীক্ষা আরম্ভ হবার কমপক্ষে ১দিন পূর্বে কোড সম্বলিত প্রশ্নপত্র ই-মেইলযোগে বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতির নিকট প্রেরণ করবে।

**চলমান পাতা**

১২. **বৃত্তি পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র মূল্যায়নঃ**

১২.১ জেলা প্রশাসকের সভাপতিত্বে ৬৩টি জেলায় (ঢাকা জেলা ব্যতিত) এবং ঢাকা মহানগরীতে উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ এর সভাপতিত্বে কেন্দ্র পরিচালনা কমিটি থাকবে। উক্ত কেন্দ্র পরিচালনা কমিটি বৃত্তি পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবে। ঢাকা জেলার শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীগণ ঢাকা মহানগরীর কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

১২.২ কেন্দ্র পরিচালনা কমিটি বৃত্তি পরীক্ষা শেষে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের মাধ্যমে উত্তরপত্র মূল্যায়ন করে পরীক্ষার ফলাফল শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরে ই-মেইলযোগে এবং ডাকযোগে প্রেরণ করবে।

১৩. **সনদপত্রঃ**

শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রীকে সনদপত্র প্রদান করা হবে।

১৪. **ফলাফল প্রকাশ ও সংরক্ষণঃ**

শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তর কেন্দ্র হতে প্রাপ্ত ফলাফল একত্রিত করে সমন্বিত ফলাফল সীট প্রস্তুত করবে এবং স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করবে। স্টিয়ারিং কমিটি শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল অনুমোদন করবে এবং প্রকাশের ব্যবস্থা করবে। শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষার ফলাফল ট্রাস্ট দপ্তরে স্থায়ীভাবে সংরক্ষিত থাকবে।

১৫. **গোপনীয়তাঃ**

১৫.১ পরীক্ষা সংক্রান্ত সকল কাজে, সকল স্তরে গোপনীয়তা রক্ষা করতে হবে। বিশেষ করে প্রশ্নপত্র প্রণয়ন, মুদ্রণ, বিতরণ, উত্তরপত্র প্রস্তুত, কোডিং-ডিকোডিং, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল প্রস্তুত ও সংরক্ষণ ইত্যাদি কাজে সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করতে হবে।

১৬. **কার্যকরিতা, রহিতকরণ ও হেফাজতঃ**

১৬.১ এ নীতিমালা জারির তারিখ থেকে তা সারাদেশের সকল শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের বৃত্তি পরীক্ষার জন্য কার্যকর হবে এবং এ নীতিমালা জারির পূর্বের এতদসংক্রান্ত সকল আদেশ/নির্দেশ/সিদ্ধান্ত রহিত বলে গণ্য হবে।

১৬.২ উক্তরুপ রহিতকরণ সত্ত্বেও আদেশ/নির্দেশ/সিদ্ধান্ত ইতোপূর্বে প্রদত্ত ও চলমান বৃত্তিসমূহ এই নীতিমালার আওতায় প্রদান করা হয়েছে বলে গণ্য হবে।

**মাসুদ আকতার খান**
অতিরিক্ত সচিব (বিদ্যালয়)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়